# মিতালী কৃষি উন্নয়ন সমবায় সমিতি লি.

এর

## উপ-আইন

| ঠিকানা | | |
|---|---|---|
| গ্রাম/মহল্লা | : | লাঙ্গল শিমুল |
| পোস্ট অফিস | : | কান্দানিয়া |
| উপজেলা | : | ফুলবাড়ীয়া |
| জেলা | : | ময়মনসিংহ |

| | |
|---|---|
| নিবন্ধন নং | |
| তারিখ | |

নিবন্ধন নং ৬১২০২২২১০
তারিখ ৩১.০১.২০২২ খ্রিঃ

**মিতালী কৃষি উন্নয়ন** সমবায় সমিতি লি.

এর

উপ-আইন

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধীত২০০২ ও ২০১৩) অনুসারে নিবন্ধিত

এই উপ আইন মিতালী কৃষি উন্নয়ন — সমবায় সমিতি লিঃ কর্তৃক দাখিল করা হইয়াছে। ইহা আমার দপ্তরে সমবায় আইন/০১ এর ১০ ধারায় আমার উপরে অর্পিত ক্ষমতা বলে নিবন্ধন করা হইল।

... ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
ময়মনসিংহ।
৩১.০১.2022

## প্রারম্ভিক

১. সংক্ষিপ্ত শিরোনাম : এই উপ-আইন "এনায়েতপুর বাজার বণিক সমবায় সমিতি লি." এর উপ-আইন নামে অভিহিত হবে।

২. সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হলে, এই উপ-আইনে-

- i. 'আইন' বলতে সমবায় সমিতি আইন, ২০০১ ও এর পরবর্তী সংশোধনীসমূহ বুঝাবে এবং বিধিমালা বলতে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও এর পরবর্তী সংশোধনীসমূহ বুঝাবে।
- ii. 'উপ-আইন' বলতে এই সমিতির উপ আইন বুঝাবে।
- iii. 'নিবন্ধক' বলতে সমবায় অধিদপ্তরের শীর্ষ কর্মকর্তা এবং নিবন্ধকের নিকট হতে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা ক্ষমতা প্রাপ্ত ব্যাক্তিকেও বুঝাবে।
- iv. 'সমিতি'বলতেএনায়েতপুর বাজার বণিক সমবায় সমিতি লি. কে বুঝাবে।

## সমিতির নাম ও ঠিকানা

৩. সমিতির নাম:'**মিতালী কৃষি উন্নয়ন** সমবায় সমিতি লি.'

৪. সমিতির ঠিকানা:

- i. সমিতির নিবন্ধনকৃত অফিস হবে:

| | |
|---|---|
| গ্রাম/মহল্লা: লাঙ্গল শিমুল | পো: কান্দানিয়া |
| উপজেলা: ফুলবাড়ীয়া | জেলা: ময়মনসিংহ |

- ii. সমিতির ঠিকানা পরিবর্তন করতে হলে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে নিবন্ধককে লিখিতভাবে অবহিত করতে হবে এবং উপ-আইন সংশোধন করতে হবে।

## সদস্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা

৫. সমিতির সদস্য নির্বাচনী এলাকা: ফুলবাড়ীয়া উপজেলার **আছিম পাটুলী ও ভবানীপুর ইউনিয়ন ব্যাপী।**

৬. সমিতির কর্ম এলাকা: ফুলবাড়ীয়া উপজেলার **আছিম পাটুলী ও ভবানীপুর ইউনিয়ন ব্যাপী।**

## ৭. সমিতিরলক্ষ্যওউদ্দেশ্য

৮. সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য:

- i. সমবায় সংগঠনের মাধ্যমে সদস্যদের আর্থ- সামাজিক অবস্থার উন্নয়ন।
- ii. সরকারিসহযোগীতায়সদস্যদেরজীবনযাত্রারমানউন্নয়নেসহায়তাকরা।
- iii. সমিতিরনির্ধারিতপ্রকারওশ্রেণী'কৃষি'
- iv. সদস্যদের উদ্দেশ্যকল্পেদেশেরপ্রচলিতআইনঅনুযায়ীযেকোনউদ্দেশ্যবাস্তবায়নকরা।
- v. সমিতিরকর্মএলাকাএনায়েতপুরইউনিয়নেরস্থানীয়সংগঠন, কমিটিওপ্রশাসনেরসহযোগীতায়সদস্যদেরজীবনযাত্রারমানউন্নয়নেরব্যবস্থাকরা।
- vi. দারিদ্র্যবিমোচনসংক্রান্ত (যেমন- ক্ষুদ্র ঋণের মাধ্যমে স্বাবলম্বীকরা, সেলাইপ্রশিক্ষণ, কুটিরশিল্পস্থাপন, গরুমোটাতাজাকরণইত্যাদি) যেকোনকার্যক্রমগ্রহণ।

vii. সমিতিরকর্মএলাকায়উৎপাদিতকৃষিজাতপণ্যন্যায্যমূল্যেবিক্রয়এবংকৃষিওকৃষিজাতপণ্যউৎপাদনেপ্রয়োজনীয়উপকরণযেমন- ভালবীজ, সারওকীটনাশকইত্যাদিসুলভমূল্যেকৃষকেরদোরগোড়ায়পৌছেদেয়ারজন্য 'সমবায়বাজার' প্রতিষ্ঠাকরা।

viii. সদস্যদেরক্ষুদ্রক্ষুদ্রসঞ্চয়েরমাধ্যমেতহবিলসৃষ্টিকরাএবংসৃষ্ঠতহবিলপুণরায়সদস্যদেরমধ্যেউৎপাদনমুখী (ক্ষুদ্রব্যবসা, কুটিরশিল্পস্থাপন, সেলাইমেশিনক্রয়, কৃষিপণ্যউৎপাদনওবাজারজাতকরণ, মৎস্যচাষওপোল্টিফার্ম) কাজেসহযোগীতাস্বরূপঋণ/বিনিয়োগকরাএবংসমবায়সমিতিআইন২০01 (সংশোধন২০০২ও২০১৩) ওসমবায়সমিতিবিধিমালা২০০4 ( সংশোধন ২০২০ ) মোতাবেকঅর্থবিনিয়োগওআদায়করা।

ix. উপর্যুক্ত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য দেশের প্রচলিত আইন প্রতিপালনপূর্বক সমিতি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করবে।

৯. সীল মোহর :

ব্যবস্থাপনা কমিটি সমিতি পরিচালনার জন্য একটি সাধারণ সীল মোহর রাখবে এবং সম্পাদকের নিকট থাকবে।

## সমিতিরসদস্যপদ

১০. সমিতির সদস্যপদের যোগ্যতা:

i. সমিতির শ্রেণী ও প্রকারের সঙ্গে সংগতিপূর্ণ যে সমস্ত পুরুষ ও মহিলা সমিতির সভ্য নির্বাচনী এলাকায় বাস করেন এবং ১৮ বৎসর বা তদূর্ধ্ব বয়স্ক তারাই এই সমিতির সদস্য হতে পারবেন।

ii. যারা সদস্য হবেন তাদের সকলকে:

- ১০০/-(একশত) টাকা করে ভর্তি ফিস দিতে হবে;
- ১০০/- (একশত) টাকার অন্তত ০১ (এক) টি শেয়ার ক্রয়সহ শেয়ার মূল্যের সমপরিমাণ টাকা সঞ্চয় আমানত হিসাবে জমা দিতে হবে কিন্তু নিবন্ধন পরবর্তী সময়ে নতুন সদস্য ভর্তির ক্ষেত্রে নির্ধারিত শেয়ারের বাজার মূল্যের ০১ (এক) টি শেয়ার ক্রয় করতে হবে এবং শেয়ার মূল্যের সমপরিমাণ টাকা সঞ্চয় আমানত হিসাবে জমা দিতে হবে।
- সদস্য তালিকা বহিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে দস্তখত বা টিপসহি দিতে হবে;
- সমিতির উপ-আইনসমূহ মেনে চলার লিখিত প্রতিশ্রুতি দিতে হবে;
- নতুন সদস্য ভর্তির ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটির অনুমোদন প্রয়োজন হবে।

১১. সমিতির মনোনীত ব্যক্তি:

সমিতির প্রত্যেক সদস্য এমন একজন একক ব্যক্তিকে মনোনীত করবেন, যিনি সদস্যের মৃত্যুর পর অথবা অন্য কোন কারণে সদস্যপদ হারালে তার অনুপস্থিতে তার শেয়ার এবং তৎসংক্রান্ত যাবতীয় অধিকার ও দায় দায়িত্ব অর্জন করবেন; এই ক্ষেত্রে উত্তরাধিকার সংক্রান্ত কোন আইন প্রযোজ্য হবে না। সদস্য ইচ্ছা করিলে যে কোন সময় তাহার মনোনয়ন লিখিতভাবে পরিবর্তন বা বাতিল করতেপারবেন। যাকে মনোনীত ব্যাক্তি হিসেবে মনোনয়ন প্রদান করা হবে, সে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত হতে পারবে।

১২. সদস্য পদের অবসান:

নিম্নলিখিত যে কোন একটি কারণে সদস্যপদের অবসান হবে:

i. সমস্ত শেয়ার বাজেয়াপ্ত বা হস্তান্তরিত হলে

ii. সদস্য পদের যোগ্যতা হারালে

iii. সদস্য পদ প্রত্যাহার করিলে

iv. মৃত্যু ঘটিলে

v. ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সদস্য পদ রহিত হলে

vi. আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতস্থ ঘোষিত হলে

১৩. সদস্য পদ প্রত্যাহার:

কোন সদস্য যদি নিজে অথবা জামিনদার হিসেবে সমিতির নিকট ঋণী না থাকেন তাহা হলে ব্যবস্থাপনা কমিটিন নিকট ১ মাসের লিখিত নোটিশ দিয়া সদস্য পদ ত্যাগ করতে পারবেন, কিন্তু এরুপ ক্ষেত্রে সদস্যপদত্যাগকারী সমিতির কোন পাওনা ঋণ বা অগ্রিম থাকলে তাহা শেয়ার বা আমানত হতে কর্তন করে রাখা যাবে। সদস্যের শেয়ার আমানত কোন সদস্যের নিকট অথবা নতুন কোন সদস্য বরাবর হস্তান্তর করা যাবে। সমিতি কোন শেয়ার ক্রয় করবে না।

১৪. সদস্য বহিস্কার ও অপসারণ:

i. কোন সদস্য ব্যবস্থাপনা কমিটির সভার বিবেচনায় যদি ইচ্ছাপূর্বক আইন, বিধিমালা, উপ-আইন বা সমিতির প্রণীত অন্য কোন নিয়ম লংঘন করেন, তাহা হলে ৭ (সাত) দিনের নোটিশ দিয়ে উপ-আইনের বিধান অনুযায়ী তাকে জরিমানা, পদচ্যুত বা সদস্যপদ রহিত করা যাবে।

ii. বাতিলকৃত সদস্যের শেয়ার বা আমানত সম্পর্কে ব্যবস্থাপনা কমিটি যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। সদস্যপদের যোগ্যতা হারালে উক্ত ব্যক্তিকে ব্যবস্থাপনা কমিটি পরবর্তী সাধারণ সভায় অনুমোদন সাপেক্ষে সদস্যপদ হতে অপসারণ করতে পারবে।

১৫. সমিতির সদস্যগণের অধিকার ও দায়বদ্ধতা:

i. সদস্যের অধিকার: সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন আইন ২০০২ও ২০১৩) এর ধারা ৩৬ হতে ৪১ পর্যন্ত এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধন বিধিমালা ২০২০) এর বিধি ৮৭ হতে ৯১ পর্যন্ত কার্যকর হবে।

ii. সদস্যের দায়: সমিতির দেনার জন্য সদস্যগণ স্ব-স্ব কর্তৃক ক্রয়কৃত শেয়ারের হার পর্যন্ত দায়ী হবে।

iii. প্রতিনিধি মনোনয়ন: ব্যবস্থাপনা কমিটি এই সমিতির কেন্দ্রীয় বা জাতীয় সমিতিতে সমিতির সদস্যদের মধ্য হতে একজন সদস্যকে প্রতিনিধিত্ব করার জন্য মনোনয়ন দিবেন।

iv. সমিতির সদস্যগণকে প্রতি মাসে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত পরিমাণ সঞ্চয় আমানত বাবদ অর্থ সমিতিতে জমা দিতে হবে।

v. প্রত্যেক সদস্যকে প্রতি সমবায় বর্ষে কমপক্ষে ০১ (এক) টি শেয়ার খরিদ করতে হবে।

vi. পর পর ০৩ (তিন) মাস কোন সদস্য সঞ্চয় আমানত জমা প্রদানে ব্যর্থ হলে বা সমবায় বর্ষের মধ্যে কমপক্ষে ০১ (এক) টি শেয়ার ক্রয় করতে ব্যর্থ হলে উক্ত সদস্যের সদস্যপদ সাময়িকভাবে রহিত করা হবে।

vii. সদস্যপদ প্রত্যাহার করতে হলে সকল প্রকার বকেয়াসহ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত জরিমানার অর্থ সমিতিতে জমা দিতে হবে।

viii. সকল প্রকার বকেয়াসহ জরিমানার অর্থ সমিতিতে জমা প্রদান করা হলে ব্যবস্থাপনা কমিটি উক্ত সদস্যের সদস্যপদ বহালের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে সদস্যকে জানিয়ে দিবে।

১৬. সমিতির মূলধন সৃষ্টির উপায়:

সমবায় আইন, বিধিমালা এবং এই উপ-আইনের বিধান মান্য করে নিম্নলিখিতভাবে সমিতির মুলধন সংগ্রহ করা যেতে পারে:

i. শেয়ার বিক্রয়;

ii. সদস্যের নিকট হতে সঞ্চয় গ্রহণ;

iii. কেন্দ্রীয় সমিতি, কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ। সদস্য ব্যতিত কোন ব্যক্তির নিকট হতে কোন আমানত বা ঋণ গ্রহণকরতে পারবে না;

iv. সরকারি বা অন্যত্র হতে অনুদান বা ঋণ গ্রহণ;

v. সম্পত্তি, ব্যবসা, কারবার বা অন্যান্য আয় হতে;

১৭. অনুমোদিত শেয়ার মূলধন:

i. সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হবে এবং প্রতি শেয়ারের মূল্য হবে ১০০/-(একশত) টাকা। সদস্য ব্যতীত অন্য কেউ শেয়ার ক্রয় করতে পারবে না ।

ii. কোন সদস্য সমিতির মোট অনুমোদিত শেয়ার মূলধন (১/৫) অংশের বেশি শেয়ার ক্রয় করতে পারবে না।

১৮. শেয়ার হস্তান্তর:

i. ব্যবস্থাপনা কমিটির অনুমোদন নিয়ে যে কোন সদস্য অন্য সদস্যকে বা যাকে কমিটি সদস্যরূপে ভর্তি করতে ইচ্ছুক, সদস্য হবার এরূপ ব্যক্তিকে কমিটি কর্তৃক নির্ধারিত নিয়মে লিখিত দলিল দ্বারা শেয়ার হস্তান্তর কার্য সম্পন্ন করা যাবে।

ii. শেয়ার হস্তান্তর কার্য সম্পন্ন করে যে পর্যন্ত গৃহীত সদস্য পদভুক্ত না হন এবং সদস্য তালিকা বহিতে তার নাম অন্তর্ভুক্ত না হয় ততদিন পর্যন্ত উক্ত হস্তান্তরের কার্য সম্পন্ন হয়েছে বলে গণ্য হবেনা।

১৯. সদস্যদের ঋণ গ্রহণের সীমা:

শেয়ার বাবদ প্রদত্ত টাকার ৪০গুনের অধিক কোন সদস্যই কর্জ পাবে না। ঋণ গ্রহণের শর্তাবলী সমিতি কর্তৃক ঋণ নীতিমালা প্রণয়নপূর্বক নীতিমালা মোতাবেক লেনদেন হবে। সদস্য ব্যতীত কোন ব্যক্তিকে ঋণ দেওয়া যাবে না।

## সাধারণ সভা

২০. সাধারণ সভা:

প্রতি বছর অডিট সম্পাদনের ৬০ দিনের মধ্যে সকল সদস্য সমন্বয়ে বিধি মোতাবেক সাধারণ সভা যথারীতি অনুষ্ঠিত হবে। বিশেষ কারণে সমিতি বিধি মোতাবেক বিশেষ সাধারণ সভা আহ্বান করতেপারবে।

২১. সাধারণ সভা অনুষ্ঠান:

সমবায়সমিতিআইন, ২০০১ (সংশোধনআইন, ২০০২ ও ২০১৩) এরধারা১৬হতে ১৭ পর্যন্তএবংসমবায়সমিতিবিধিমালা, ২০০৪ (সংশোধনবিধিমালা,২০২০)
এরবিধি১৩হতে২১পর্যন্তঅনুসরণপূর্বকসাধারণসভাবাবিশেষসাধারণসভাবাতলবীসভাঅনুষ্ঠানকরতেহবে।

i. সাধারন সভার অধিবেশনের নোটিশ ১৫(পনের) দিন পূর্বে প্রত্যেক সদস্যকে উদ্বৃত্তপত্রসহ নোটিশ জারী করতে হবে। নোটিশে অধিবেশনের স্থান, কাল, তারিখ ও আলোচনার বিষয় সুনির্দিষ্ট থাকবে কিন্তু যে সাধারন সভায় নির্বাচন সংক্রান্ত বিষয় থাকে সেক্ষেত্রে ৬০ (ষাট) দিন পূর্বে নোটিশ জারী করতে হবে।

ii. সদস্যগনের দাবির পরিপ্রেক্ষিতে সাধারন সভা আহ্বান করা হলে আবেদনকারী সদস্যগণের নামের তালিকাসহ লিখিত দাবি নোটিশের সাথে সংযুক্ত আকারে জারী করতে হবে।

iii. ভুলবশত কোন সদস্যকে নোটিশ দেওয়া না হলে বা নোটিশ না পেলে তাদ্বারা সভার বৈধতা বাতিল হবেনা।

iv. সধারন সভার নোটিশে সভার স্থান ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের ক্ষেত্রে ভোট গ্রহণের স্থান, তারিখ, ও অন্যান্য আলোচ্যসূচি এবং গৃহিতব্য কার্যক্রমসমূহ উল্লেখ থাকতে হবে।

v. অনধিক ৫০০ (পাঁচশত) সদস্যের জন্য ১/৩ (এক তৃতীয়াংশ) সদস্য এবং ৫০০ (পাঁচশত) সদস্যেরে অধিক হলে ১/৫ (এক পঞ্চমাংশ) সদস্য লিখিত দাবী করলে অথবা নিবন্ধক নির্দেশ দিলে এরূপ বিশেষ সাধারন সভা আহ্বান করা যাবে।

vi. বিশেষ সাধারন সভা আহ্বানের জন্য সদস্যদের লিখিত দাবীর সাথে তা উল্লেখ থাকতে হবে এবং এক তৃতীয়াংশ/ এক পঞ্চমাংশ সদস্যের স্বাক্ষর যুক্ত করে উক্ত সমিতির নিবন্ধিত ঠিকানায় দাখিল করতে হবে।

vii. বিশেষ সধারন সভা যে বিষয়ে আহ্বান করা হবে সে বিষয় ভিন্ন অন্য কোন বিষয় উথাপন করা যাবেনা।

viii. নির্বাচন ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে আহুত বিশেষ সাধারন সভার কোরাম পূর্ন না হলে সভা বাতিল বরে গণ্য হবে।

## সমিতির ব্যবস্থাপনা

২২. ব্যবস্থাপনা কমিটি:

i. সমিতি পরিচালনার যাবতীয় দায়িত্ব সমবায় সমিতি আইন, বিধিমালা ও উপ-আইন মোতাবেক ০৯(নয়) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকবে এবং সাধারণ সভায় সম্পাদনযোগ্য কার্য ব্যতীত সমিতির সকল কার্য উক্ত কমিটি সম্পাদন করবে। ব্যবস্থাপনা কমিটি বিধি ধারা নির্ধারিত পদ্ধতিতে৩(তিন) বৎসরের জন্য নির্বাচিত হবে। তিন বৎসর পূর্তির পূর্বে কমিটি গঠনের জন্য নির্বাচন সম্পন্ন করতে হবে।

০৯(নয়)সদস্য বিশিষ্ট কমিটির সদস্যগণ নিম্নলিখিত পদবিধারী হবেন:-

| | | | |
|---|---|---|---|
| (ক) | সভাপতি | : | ০১ (এক) জন |
| (খ) | সহ-সভাপতি | : | ০২ (দুই) জন |
| (গ) | সম্পাদক | : | ০১ (এক) জন |
| (ঘ) | সম্পাদক | : | ০১ (এক) জন |
| (ঙ) | কোষাধ্যক্ষ | : | ০১ (এক) জন |
| (চ) | সদস্য | : | ০২ (দুই) জন |

ii. নির্ধারিত মেয়াদের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হলে মেয়াদপূর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হবে এবং নিবন্ধক সমিতির সদস্য বা সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে ১২০ দিনের জন্য একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন।

iii. নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির কোন সদস্যের পদ কোন কারণে শূণ্য হলে ব্যবস্থাপনা কমিটি উক্ত পদে নির্বাচিত হবার যোগ্য কোন সদস্যকে কো-অপ্ট করে শূণ্য পদ পূরণ করবেন।

২৩. ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পদ্ধতি:

সমবায়আইনেরধারা১৮(২)এবংবিধিমালার২২, ৩৬এরবিধানস্বাপেক্ষেসমিতিরব্যবস্থাপনাকমিটিরসদস্যগণসাধারণসভায়নির্বাচিতহবেন।

২৪. ব্যবস্থাপনাকমিটিরভাতা:

উপ আইনে যাই থাকুক না কেন সমিতিতে ধার্যকৃত নিরীক্ষা ফিএবং সমবায় আইনের ৩৪ ধারা অনুযায়ী ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল বকেয়া থাকলেসমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধন, ২০২০) এর ৩৭(৪) অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির সদস্যগণকে কোন ভাতা দেওয়া যাবেনা।

২৫. ব্যবস্থাপনা কমিটির ক্ষমতা:

ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপ কার্যাদি সম্পন্ন করতে পারবে:

i. নতুন সদস্য ভর্তি,
ii. সাধারণ সভার অনুমোদনক্রমে আইন ও উপ-আইনের বিধানমতে বর্তমান কোন সদস্যকে অপসারণ, বহিস্কার বা সদস্যপদ স্থগিত অথবা জরিমানা করা।
iii. তহবিল উন্নীতকরণ,
iv. তহবিল বিনিয়োগ,
v. সমিতির স্বার্থে মামলা দায়ের, পরিচালনা ও আপোষ করা,
vi. শেয়ার আবেদনপত্র নিষ্পত্তি করা,
vii. ঋণের আবেদন নিষ্পত্তি এবং তাহার বিপরীতে জামানত নির্ধারণ করা,
viii. বিশেষ ধরনের কাজের জন্য উপ-কমিটি গঠন করা।
ix. হিসাব সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ।

২৬. সভাপতি ও সহ-সভাপতির ক্ষমতা ও কর্তব্য:

আইন ও বিধি অনুযায়ী সমিতির সভাপতি এবং কোন জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে সভাপতির অনুপস্থিতিতে সমিতির সহ-সভাপতি সমিতির স্বার্থে ঋণ বরাদ্দ ব্যতীত সমিতির ব্যবস্থাপনা কমিটির সকল প্রকার ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

২৭. সম্পাদকের ক্ষমতা ও দায়িত্ব:

i. সমিতির কার্য সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজন অনুযায়ী সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান এবং আলাচ্যসূচী মোতাবেক সভা অনুষ্ঠানের কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘন্টা পূর্বে সদস্যগণকে সভার কার্যক্রম অবহিতকরণ;

ii. সমিতির ব্যবস্থাপনা কমিটির নিকট অথবা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত কোন সদস্যের নিকট সমিতির আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে পরীক্ষা ও অনুমোদনের জন্য উপস্থাপন;

iii. সমিতির দৈনন্দিন অন্যান্য কার্যাদি।

২৮. সমিতির পক্ষে দলিলাদি স্বাক্ষর করবার ক্ষমতা:

সমিতির সম্পদ সৃষ্টি, হস্তান্তর বা অন্যান্য ভাবে সমিতির সম্পদ এবং তহবিল সংশ্লিষ্ট সকল প্রকার চুক্তি পত্রের দলির, নথিপত্র বিশেষ করে সকল লেনদেনপত্র, ঋণপত্র, নিরাপত্তাপত্র এবং সমিতির নামে অন্যান্য দলিলপত্রাদি স্বাক্ষর করা ও অনুমোদন করা ইত্যাদিতে সমিতির সভাপতি ও সম্পাদক যৌথ স্বাক্ষর করবেন।

২৯. কোষাধ্যক্ষের ক্ষমতা ও দায়িত্ব:

সমিতির সকল আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করবেন।

৩০. ব্যবস্থাপনা কমিটির সদস্যপদের বিলুপ্তি ও অফিসার অপসারণ:

ব্যবস্থাপনা কমিটির কোন সদস্যের সদস্যপদ বিলুপ্ত হবে, যদি-

i. উক্ত সদস্য ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচিত হবার যোগ্যতাসমূহ বহাল না রাখেন;

ii. পদত্যাগ করেন;

iii. মৃত্যুবরণ করেন;

৩১. ব্যবস্থাপনা কমিটির সভা:

সমিতির কার্য পরিচালনার জন্য প্রতি মাসে কমপক্ষে একবার ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান করবে। সভা অনুষ্ঠানের ৭ দিন পূর্বে আলোচ্যসূচীসহ নোটিশ প্রেরণ করতে হবে এবং সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে। কমিটির অর্ধেক সদস্য উপস্থিত থাকলে সভার কোরাম হবে। কোন মাসে আলোচ্যসূচী না থাকলে তা লিখিতভাবে সকল সদস্যকে জানাতে হবে।

৩২. সমিতির বিরোধ নিষ্পত্তির পদ্ধতি:

সমিতির কোন বিরোধ/বিবাদ দেখা গেলে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উহা মীমাংসা/নিষ্পত্তি করতে না পারলে সংক্ষুব্ধ ব্যক্তি উহা নিষ্পত্তির জন্য নিবন্ধক বরাবর উপযুক্ত কোর্ট ফি সংযুক্ত করে সংক্ষুব্ধ পক্ষ ডিসপুট মামলা দায়ের করতে পারবেন। বিরোধ নিষ্পত্তিতে সমবায় সমিতি আইনের ধারা ৫০ হতে ৫২ এবং সমবায় সমিতি বিধিমালা ১১১ হতে ১২২ পর্যন্ত অনুসরণ করতে হবে।

৩৩. সম্পত্তি বিক্রয় ও বিনিময়ের উপর বিধি-নিষেধ:

সমিতির ব্যবস্থাপনা কমিটি সাধারণ সভার অনুমোদনক্রমে নিবন্ধকের অনুমতি ব্যতিত স্থাবর সম্পত্তি এবং যন্ত্রপাতি বা যানবাহনের ন্যায় সম্পত্তি সমিতির মূলধনের অংশ তাহা বিক্রয়, বিনিময় বা ৫ (পাঁচ) বৎসরের অতিরিক্ত সময়ের জন্য ইজারা প্রদানের মাধ্যমে হস্তান্তর করতে পারবে না।

৩৪. সমিতির অবসায়ন:

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন, ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩ হতে ৫৮ পর্যন্ত এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধন, ২০২০) এর বিধি ১১১-১২২ পর্যন্ত অনুসরণপূর্বক কোন সমবায় সমিতির কার্যক্রম অবসায়নে ন্যস্ত করা যাবে।

# আমানত সুরক্ষা তহবিল

৩৫. আমানত সুরক্ষা তহবিল:

সদস্যদের সঞ্চয় আমানত সুরক্ষার জন্য সমবায় সমিতি আইন ২০০১, (সংশোধীত আইন, ২০১৩) এর ২৬ (খ) ধারা মোতাবেক আমানত সুরক্ষা তহবিল গঠন করতেহবে।

৩৬. তারল্য সংরক্ষন:

সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধন বিধিমালা, ২০২০) এর ৬৭ বিধি মোতাবেক নিম্নক্তহারে তারল্য সংরক্ষন করতে হবে;-

i. স্থায়ী আমানতের ২০ শতাংশ;
ii. সঞ্চয় আমানতের ২৫ শতাংশ;
iii. চলতি আমানতের ৫০ শতাংশ;

৩৭. সংরক্ষিত তহবিল:

সমিতির সাধারণ সভার সিদ্ধান্ত গ্রহণ করে নিম্নোক্ত পরিমাণ সংরক্ষিত তহবিল সমিতির ব্যবসা পরিচালনার জন্য ব্যবহার করতে পারবে।

i. সমিতির নিজস্ব মূলধন ঋণমূলধন অপেক্ষা কম হলে সংরক্ষিত তহবিল এর সর্বোচ্চ ২৫ শতাংশ।
ii. সমিতির নিজস্ব মূলধন এর ঋণ মূলধন সমান অথবা অধিক হলে সংরক্ষিত তহবিল সর্বোচ্চ ৫০ শতাংশ।
iii. সমিতির কোন ঋণকৃত মূলধনে না থাকলে সংগৃহীত তহবিলের সম্পূর্ণ অংশ।
iv. উপর্যুক্ত শর্ত সমূহের বহির্ভূতভাবে সংরক্ষিত তহবিল বিনিয়োগ করতে হলে নিবন্ধকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
v. সমিতির সাধারণ সভায় সংরক্ষিত তহবিল ব্যবসার কাজে ব্যবহারের সর্বোচ্চ সীমা নির্ধারিত হলেও উক্ত সীমার মধ্যে থেকে সংরক্ষিত তহবিলের কি পরিমাণ অর্থ প্রকৃতপক্ষে সমিতির ব্যবসায় ব্যবহার করা হবে তা সমিতির ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৩৮. লভ্যাংশ প্রদান :

i. সমিতি উহার সাধারণ সভার সিদ্ধান্ত গ্রহণ করে পরিশোধিত মূলধনের ৭৫% পর্যন্ত লভ্যাংশ প্রদান করতে পারবেন। উক্ত লভ্যাংশের হার বৃদ্ধি করতে হলে নিবন্ধকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
ii. সমিতির ব্যবস্থাপনা কমিটির সুপারিশ এবং সাধারণ সভায় অনুমোদন ব্যতীত কোন লভ্যাংশ বিতরণ করা যাবে না।
iii. ব্যবস্থাপনা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে সর্বোচ্চ ৫% অর্থ সমিতির বেতনভুক্ত কর্মচারীগণকে উৎসাহ ভাতা হিসাবে প্রদান করা যাবে।
iv. উক্ত ভাতা কোনক্রমেই সংশ্লিষ্ট কর্মচারী ০২ (দুই) মাসের মূল বেতনের অধিক হবে না।

৩৯. সমবায় উন্নয়ন তহবিল:

সমিতির প্রতি সমবায় বর্ষে নিরীক্ষিত উদ্বৃত্তপত্রের ভিত্তিতে উহার নীট মুনাফা হতে ৩% অর্থ সমবায় উন্নয়ন তহবিলের অনুকূলে পে অর্ডার বা ডিমান্ড ড্রাফ্ট মারফত জমা করতে হবে।

৪০. সদস্যগনের উপ-আইন ও উদ্বৃত্তপত্র সরবরাহ:

সমিতির সদস্যগণ সমিতির উপ-আইন, হিসাবের উদ্বৃত্ত (ব্যালেন্স সীট) ও নিরীক্ষা প্রতিবেদনের কপি চেয়ে আবেদন করলে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ধার্যকৃত মূল্য পরিশোধের মাধ্যমে উপর্যুক্ত রেকর্ড পত্রাদির কপি সরবরাহ করা যাবে।

৪১. খাতা পত্র পরিদর্শন এবং উহার সত্যায়িত অনুলিপি সরবরাহ:

i. সমিতির সদস্যগণ বিনামূল্যে নিম্নলিখিত খাতাপত্র পরিদর্শন করতে পারবেন।
  - উপ-আইন।
  - সদস্যদের তালিকা বহি।
  - সর্বশেষ নিরীক্ষিত হিসাবপত্র উদ্বৃত্তপত্র।
  - ব্যবস্থাপনা কমিটির সদস্যদের তালিকা।

ii. সাধারন সদস্যগণ সমিতির কোন রেকর্ড পত্রের প্রত্যায়িত অনুলিপি পাবার আবেদন করলে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ধার্যকৃত নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উক্ত রেকর্ড পত্রাদি সমিতির সম্পাদক কর্তৃক প্রত্যায়িত অনুলিপি পেতে পারবেন।

৪২. উপ-আইন প্রণয়ন ও সংশোধনের পদ্ধতি:

i. সমিতির উপ-আইনের যে কোন ধারা পরিবর্তন অথবা নতুন উপ আইন গ্রহণ করতে হলে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধীত আইন, ২০১৩) এর ১৩ (১) ধারা ও বিধিমালা ২০০৪ এর ৯ বিধি অনুযায়ী সাধারণ সভা আহবান করে সদস্যদের সংখ্যাগরিষ্ঠ উপস্থিতিতে এর উপ-আইন সংশোধন করা যাবে এবং উপ-আইন সংশোধনের ক্ষেত্রে উক্ত সভায় উপস্থিত দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতির প্রয়োজন হবে।

ii. উপ-আইন পরিবর্তন সংক্রান্ত সভা আহবানের নোটিশ রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ অথবা বাহক মারফত সংশ্লিষ্ট সদস্যদের হাতে হাতে পৌঁছে দিতে হবে।

৪৩. হিসাবপত্র:

i. ব্যবস্থাপনা কমিটি সমিতির সদস্যদের যাবতীয় হিসাব রাখার বিশেষত ব্যবস্থা করবে।

ii. সমিতির অর্থ জমা, খরচ এবং উক্ত জমা-খরচ কি কি খাতে হয়েছে তা।

iii. দ্রব্যাদির সমুদয় ক্রয়-বিক্রয়।

iv. সমিতির দেনা ও দেনা পাওনা।

v. সকল রশিদ, দলিল ও বহির সাপেক্ষে রক্ষিত অন্যান্য কাগজ পত্রাদি।

vi. সদস্যগণ হিসাব বহিগুলো যেকোনো সময় অফিস চলাকালীন সময় সভাপতি ও ও সম্পাদকের উপস্থিতিতে পরীক্ষা করতে পারবেন।

vii. ব্যবস্থাপনা কমিটি উপর্যুক্ত মনে করলে অভ্যন্তরীণ পরিদর্শন ও হিসাব পরীক্ষার ব্যবস্থা করতে পারবেন এবং সময়ে সময়ে যেরূপ অভ্যন্তরীণ পরিদর্শনের সময় নির্দিষ্ট করবেন সেই নিয়ম রক্ষা করতে হবে।

৪৪. সাধারণ:

i. যে সকল বিষয় সম্পর্কে এই উপ-আইনে কোন নির্দেশ বা বিধান নাই তাহা বিদ্যমান সমবায় আইন ও বিধিমালার নির্দেশ অনুসারে স্থিরীকৃত হবে এবং যদি আইন ও বিধিতে তাদের কোন বিধান না থাকে, তা হলে এই উপ-আইন অমান্য না করে নিবন্ধকের অনুমোদন স্বাপেক্ষে ব্যবস্থাপনা কমিটি যেরূপ বিবেচনা করবেন সেইরূপ বিধান দিবেন;

ii. এই উপ-আইনে যাহাই থাকুক না কেন, এই উপ আইনের কোন অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ সর্বশেষ সংশোধনীসহ বিদ্যমান সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন, ২০০২ ও ২০১৩) এর কোন ধারা কিংবা বিদ্যমান সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধন, ২০২০) এর কোন বিধির সাথে অসংগতিপূর্ণ কিংবা সাংঘর্ষিক প্রমাণিত হলে তাহা তাৎক্ষণিক বাতিল ও অকার্যকর বলে গণ্য হবে এবং ঐ সমস্ত বিষয়াবলী বিদ্যমান সমবায় আইন ও বিধি অনুযায়ী নিষ্পন্ন হবে।

৩৪। আবেদনকারী গণের নাম ও স্বাক্ষর ঃ

| ক্র নং | আবেদনকারীর নাম | পিতা /স্বামী, মাতার নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: নজরুল ইসলাম | পি: মৃত বাবর আলী<br>মাতা: জামেলা খাতুন | |
| ০২ | মো: আশরাফুল আলম | পি: মৃত মোহাম্মদ আলী<br>মাতা: মৃত হালেমন | |
| ০৩ | মো: ইমরুল কায়েস | মো: আশরাফুল আলম<br>মাতা: মোছা: কামরুন্নাহার | |
| ০৪ | মোছা: ফাতেমা খাতুন | স্বা: মো: নজরুল ইসলাম<br>মাতা: মোছা: হাজেরা খাতুন | ফাতেমা |
| ০৫ | মোছা: আমেনা খাতুন | স্বা: মো: আব্দুল বাছেদ<br>মাতা: মোছা: আনোয়ারা | আমেনা |
| ০৬ | মোছা: এলিছ আক্তার | স্বা: মো: মফিজ উদ্দিন<br>মাতা: মোছা: সখিনা খাতুন | এলিছ |
| ০৭ | মোছা: মাজেদা খাতুন | স্বা: মো: লাল মিয়া<br>মাতা: মোছা: জামেলা খাতুন | মাজেদা |
| ০৮ | মোছা: হাজেরা খাতুন | স্বা: মো: আলাল উদ্দিন<br>মাতা: মোছা: জামেলা খাতুন | |
| ০৯ | মোছা: কামরুন্নাহার | স্বা: আশরাফুল আলম<br>মাতা: মোছা: নুরজাহান | |
| ১০ | মো: মাসুদ করিম | স্বা: মো: জালাল উদ্দিন<br>মাতা: মিনিরা খাতুন | |
| ১১ | সাবিনা আক্তার | স্বা: মো: মিজানুর রহমান<br>মাতা: মনোয়ারা বেগম | সাবিনা |
| ১২ | মোছা: উম্মে সালমা | স্বা: মৃত মোছলেম উদ্দিন<br>মাতা: খোদেজা খাতুন | সালমা |
| ১৩ | মোছা: উম্মে কুলছুম | স্বা: মো: রফিকুল ইসলাম<br>মাতা: রোকেয়া খাতুন | কুলসুম |
| ১৪ | মো: জসিম উদ্দিন | পি: মো: বাবুল মিয়া<br>মাতা: জোবেদা খাতুন | জসীমউদ্দিন |
| ১৫ | মো: আবু তালেব | পি: মো: মজিবুর রহমান<br>মাতা: জাহানারা খাতুন | মো: আবু তালেব |
| ১৬ | রফিকুল ইসলাম | পি: নজরুল ইসলাম<br>মাতা: খাজিরন বেগম | রফিকুল |
| ১৭ | মোছা: রূপজান খাতুন | পি: মোফাজ্জল হোসেন<br>মাতা: ময়মন নেছা | রূপজান |
| ১৮ | রেনুজা খাতুন | স্বা: দেলোয়ার হোসেন<br>মাতা: আমেনা খাতুন | রেনুজা |
| ১৯ | জোবেদা খাতুন | স্বা: মো: বাবুল মিয়া<br>মাতা: মাহাতন নেছা | জোবেদা |
| ২০ | মো: মোফাজ্জল হোসেন | পি: মৃত: ফজু শেখ<br>মাতা: হালেমন নেছা | মোফাজ্জল |

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত সদস্যগণ আমার উপস্থিতিতে তাহাদের স্বাক্ষর প্রদান করিয়াছেন। তাহারা কেহই এইরূপ অন্য কোন সমবায় সমিতির সদস্য নহেন। তাহাদের প্রত্যেকের বয়স ১৮ (আঠার) বছরের কম নহে। তাহারা সকলেই উল্লেখিত এলাকার স্থায়ী বাসিন্দা।

সত্যায়িত

02/02/2022

মোঃ মামুনর রশীদ আকন্দ

2022

(মোঃ এনামুল হক)

( মো: ইমরুল কায়েস)
সংগঠক

৩৪। আবেদনকারী গণের নাম জাতীয়পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর ঃ

| ক্রম . নং | আবেদনকারীর নাম | পিতা /স্বামী, মাতার নাম | জাতীয় পরিচয়পত্র নম্বর | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মো: নজরুল ইসলাম | পি: মৃত বাবর আলী<br>মাতা: জামেলা খাতুন | ৬১১২০১১৪৮২১৫৮ | 01731022012 | |
| ০২ | মো: আশরাফুল আলম | পি: মৃত মোহাম্মদ আলী<br>মাতা: মৃত হালেমন | ৬১১২০১১৪৮২২১৯ | 01713548979 | |
| ০৩ | মো: ইমরুল কায়েস | মো: আশরাফুল আলম<br>মাতা: মোছা: কামরুন্নাহার | ৮৬৯০৫০৭২৫৯ | 01728250365 | |
| ০৪ | মোছা: ফাতেমা খাতুন | স্বা: মো: নজরুল ইসলাম<br>মাতা: মোছা: হাজেরা খাতুন | ৬১১২০১১৪৮২১৬৪ | 01912684256 | ফাতেমা |
| ০৫ | মোছা: আমেনা খাতুন | স্বা: মো: আব্দুল বাছেদ<br>মাতা: মোছা: আনোয়ারা | ৬১১২০১১৪৮২১৩২ | 01713571371 | আমেনা |
| ০৬ | মোছা: এলিছ আক্তার | স্বা: মো: মফিজ উদ্দিন<br>মাতা: মোছা: সখিনা খাতুন | ৬১১২০১১৪৮২১৬৬ | 01770091139 | এলিছ |
| ০৭ | মোছা: মাজেদা খাতুন | স্বা: মো: লাল মিয়া<br>মাতা: মোছা: জামেলা খাতুন | ৬১১২০১১৪৮২১৬৫ | 01950262258 | মাজেদা |
| ০৮ | মোছা: হাজেরা খাতুন | স্বা: মো: আলাল উদ্দিন<br>মাতা: মোছা: জামেলা খাতুন | ৬১১২০১১৪৮২১২১ | 01311044559 | হাজেরা |
| ০৯ | মোছা: কামরুন্নাহার | স্বা: আশরাফুল আলম<br>মাতা: মোছা: নূরজাহান | ৬১১২০১১৪৮২২৩৯ | 01798863031 | কামরুন |
| ১০ | মো: মাসুদ করিম | স্বা: মো: জালাল উদ্দিন<br>মাতা: মিনিরা খাতুন | ৬১১২০১১৪৮৫০২৫ | 01254821024 | |
| ১১ | সাবিনা আক্তার | স্বা: মো: মিজানুর রহমান<br>মাতা: মনোয়ারা বেগম | ৫১১২৬৯৭৯৩২ | 01315543371 | সাবিনা |
| ১২ | মোছা: উম্মে সালমা | স্বা: মৃত মোছলেম উদ্দিন<br>মাতা: খোদেজা খাতুন | ৬১১২০২৯৪৯৫৬৪৮ | 01630223669 | সালমা |
| ১৩ | মোছা: উম্মে কুলছুম | স্বা: মো: রফিকুল ইসলাম<br>মাতা: রোকেয়া খাতুন | ৬১১২০২৯৫০২৪০৩ | [illegible] | কুলছুম |
| ১৪ | মো: জসিম উদ্দিন | পি: মো: বাবুল মিয়া<br>মাতা: জোবেদা খাতুন | ২৮৫৪৫৫২৭৯৭ | 01740-428969 | জসীম উদ্দিন |
| ১৫ | মো: আবু তালেব | পি: মো: মজিবুর রহমান<br>মাতা: জাহানারা খাতুন | ১৯৯২৬১১২০১১০০০০০২ | 01786411363 | তালেব |
| ১৬ | রফিকুল ইসলাম | পি: নজরুল ইসলাম<br>মাতা: খাজিরন বেগম | ৬১১২০১১৪৮৫০৩০ | 01893220206 | রফিকুল |
| ১৭ | মোছা: রূপজান খাতুন | পি: মোফাজ্জল হোসেন<br>মাতা: ময়মন নেছা | ৬১১২০১১৪৮৫২৪২ | 01797172033 | রূপজান |
| ১৮ | রেনুজা খাতুন | স্বা: দেলোয়ার হোসেন<br>মাতা: আমেনা খাতুন | ৬১১২০১১৪৮৪৮৮৫ | 01765850166 | রেনুজা |
| ১৯ | জোবেদা খাতুন | স্বা: মো: বাবুল মিয়া<br>মাতা: মাহাতন নেছা | ৬১১২০১১৪৮৫১৬৬ | 01631195887 | জোবেদা |
| ২০ | মো: মোফাজ্জল হোসেন | পি: মৃত: ফজু শেখ<br>মাতা: হালেমন নেছা | ৬১১২০১১৪৮৫২২৯ | 01927008497 | মোফাজ্জল |

সত্যায়িত
02/02/2022
মোঃ মামুনুর রশীদ আকন্দ
পরিদর্শক (সংযুক্ত)

(মোঃ এনামুল হক)
উপজেলা সমবায় অফিসার

মোহাম্মদ রবিন ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
ময়মনসিংহ।
৩১.০১.২০২২